112

তারিখ ... 02 AUG 1997 ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক ইনকিলাব

# ইডেন কলেজে এখনো ভয়ার্ত পরিবেশ

স্টাফ রিপোর্টার : ইডেন মহিলা কলেজে এখনো ভয়ার্ত পরিবেশ বিরাজ করছে। কলেজ হোস্টেল দখলের উদ্দেশে সশস্ত্র মস্তানারা গত কয়েকদিন যাবত কলেজ গেটের আশপাশে অবস্থান করছে। অপর দিকে গেটে কিছু কিছু পুলিশও অবস্থান করছে। এর পরও সাধারণ ছাত্রীরা তাদের পুরানো হোস্টেলে অবস্থান করছে।

এদিকে জাতীয়তাবাদী ছাত্র দলের সভাপতি শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি ও সাধারণ সম্পাদক হাবিব উন নবী সোহেল এক যুক্ত বিবৃতিতে ইডেন কলেজ ক্যাম্পাস থেকে অবিলম্বে পুলিশ প্রত্যাহার এবং ছাত্র দলের কেন্দ্রীয় কমিটির সহ-সাধারণ সম্পাদক এবং ইডেন কলেজের ভিপি হেলেন জেরিন খান, জিএস সাইমুন বেগম, কলেজ শাখা ছাত্র দলের সভাপতি ও কেন্দ্রীয় কমিটির সদস্য ফাহিমা হুসাইন জুবলী, যুগ্ম আহবায়ক শরমিন ইসলাম ডেইজীসহ ছাত্র দলের নেতা-কর্মীদের নামে দায়েরকৃত মিথ্যা মামলা প্রত্যাহারের দাবী জানান।

নেতৃবৃন্দ বলেন, কলেজের অধ্যক্ষা ও প্রশাসন ছাত্র লীগের দায়েরকৃত মিথ্যা মামলা প্রত্যাহারের সুস্পষ্ট অঙ্গীকার করলেও নানাভাবে তাদেরকে হয়রানি ও গ্রেফতারের হুমকি দেয়া হচ্ছে। ছাত্রীদের প্রতি সরকারের এই আচরণ সভ্যতা বিবর্জিত।